

ার্টি সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩০২৩

১৬/ হাজ (হজ/হজ) (كتاب الحج)

পরিচ্ছেদঃ ৫২. কুরবানীর দিন সুন্নাতসম্মত নিয়ম এই যে, প্রথমে (জামারায়) কঙ্কর নিক্ষেপ করতে হবে, তারপর কুরবানী করতে হবে, তারপর মাথা মুণ্ডন করতে হবে এবং তা ডানপাশ থেকে শুরু করতে হবে

باب بَيَانِ أَنَّ السُّنَّةَ يَوْمَ النَّحْرِ أَنْ يَرْمِيَ ثُمَّ يَنْحَرَ ثُمَّ يَحْلِقَ وَالاِبْتِدَاءِ فِي الْحَلْقِ بِالْجَانِبِ الْأَيْمَنِ مِنْ رَأْسِ الْمَحْلُوقِ الْحَلُقِ بِالْجَانِبِ الْأَيْمَنِ مِنْ رَأْسِ الْمَحْلُوقِ

আরবী

وَحَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، وَابْنُ، نُمَيْرٍ وَأَبُو كُرَيْبٍ قَالُوا أَخْبَرَنَا حَفْصُ بْنُ، غِيَاتٍ عَنْ هِشَامٍ، بِهَذَا الإِسْنَادِ أَمَّا أَبُو بَكْرٍ فَقَالَ فِي رِوَايَتِهِ لِلْحَلَّقِ " هَا " . وَأَشَارَ بِيَدِهِ إِلَى الْجَانِبِ الأَيْمَنِ هَكَذَا فَقَسَمَ شَعَرَهُ بَيْنَ مَنْ يَلِيهِ _ قَالَ _ ثُمَّ أَشَارَ إِلَى الْحَلَّقِ وَإِلَى الْجَانِبِ الأَيْسَرِ فَحَلَقَهُ فَأَعْطَاهُ أُمَّ سُلَيْمٍ . وَأَمَّا فِي رِوَايَةٍ أَبِي كُرَيْبٍ قَالَ فَبَدَأَ بِالشِّقِ الْجَانِبِ الأَيْسَرِ فَحَلَقَهُ فَأَعْطَاهُ أُمَّ سُلَيْمٍ . وَأَمَّا فِي رِوَايَةٍ أَبِي كُرَيْبٍ قَالَ فَبَدَأَ بِالشِّقِ الْقَيْمَنِ فَوَزَّعَهُ الشَّعَرَةَ وَالشَّعَرَتَيْنِ بَيْنَ النَّاسِ ثُمَّ قَالَ بِالأَيْسَرِ فَصَنَعَ بِهِ مِثْلَ ذَلِكَ ثُمَّ قَالَ الْأَيْسَرِ فَصَنَعَ بِهِ مِثْلَ ذَلِكَ ثُمَّ قَالَ الْمَالَةِ أَبُو طَلْحَةَ " . فَدَفَعَهُ إِلَى أَبِي طَلْحَةَ .

বাংলা

৩০২৩। আবৃ বকর ইবনু আবৃ শায়বা, ইবনু নুমায়র ও আবৃ কুরায়ব (রহঃ) ... হিশাম (রহঃ) থেকে এই সুত্রে উপরোক্ত হাদীসের অনুরূপ বর্ণিত হয়েছে। আবৃ বকর (রহঃ) তাঁর বর্ণনায় উল্লেখ করেছেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাতের ইশারা দিয়ে ক্ষৌরকারকে মাথার ডান পাশ থেকে শুরু করতে বললেন। তারপর তিনি কাছের লোকেদের মধ্যে তার চুল বন্টন করলেন। রাবী বলেন, তারপর তিনি ক্ষৌরকারকে মাথার বাম পাশের চুল কাটার ইঙ্গিত করলেন। সে তা মুগুন করল। এই চুলগুলো তিনি উম্মু সুলায়ম (রাঃ) কে দান করলেন।

আর আবূ কুরায়বের বর্ণনায় আছেঃ ক্ষৌরকারক ডান পাশ থেকে ক্ষৌরকার্য শুরু করল। তিনি লোকদের একটিদু'টি করে চুল বণ্টন করলেন। তারপর বাঁ পাশের প্রতি ইশারা করলেন সে তার অনুরূপ করল। তারপর তিনি
বললেনঃ আবৃ তালহা এখানে আছে? তিনি এবারের চুলগুলো তাকে দান করলেন।

English



Abu Bakr reported:

(He called for) the barber and, pointing towards the right side of his head, said: (Start from) here, and then distributed his hair among those who were near him. He then pointed to the barber (to shave) the left side and he shaved it, and he gave (these hair) to Umm Sulaim (Allah be pleased with her). And in the narration of Abu Kuraib (the words are):" He started from the right half (of his head), and he distributed a hair or two among the people. and then (asked the barber) to shave the left side and he did similarly, and he (the Holy Prophet) said: Here is Abu Talha and he gave these (hair) to Abu Talha."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ হিশাম ইবন উরওয়াহ (রহঃ)

